

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
www.bpatc.org.bd
(পিপিআর অনুবিভাগ)

নং-০৫.০১.২৬৭২.১৪০.২৫.০৫৫.১৯- ৪২৭

২৬ বৈশাখ ১৪২৬
তারিখ: _____
০৯ মে ২০১৯


অফিস আদেশ

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিতব্য উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে (এসিএডি) নিম্নবর্ণিত অনুষদ সদস্যগণ সংশ্লিষ্ট মডিউলের 'মডিউল সমন্বয়ক' হিসেবে দায়িত্ব পালন করবেন:

মডিউল নং	মডিউলের নাম	মডিউল সমন্বয়ক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
1.	Behavioural Governance & Spirit of Liberation War	Mohammad Tazib Uddin
2.	<u>Seminar Paper Preparation and Presentation:</u> a) Basics of Research b) Seminar Paper	Dr. Muhammad Abu Yusuf Dr. Mehedi Masud
3.	Policy Analysis and Governmental Business Process	Md. Morshed Alom, PhD
4.	Public Service Management	Md. Sanwar Jahan Bhuiyan
5.	Achieving Sustainable Development Goals	Dr. Md. Mizanur Rahman
6.	Project Management	Dr. Mohammed Amjed Hossain
7.	Procurement Management	Banik Gour Sundar
8.	Conflict Management and Negotiation	Md. Sharif Hasan
9.	Verbal Competency and Development Debate	Dr. Mehedi Masud
10.	ICT & E-Governance	Md. Siddiqur Rahman
11.	<u>Exposure Visit:</u> a) Internal Exposure Visit b) Foreign Exposure Visit	Nominated Course Coordinator To Be Determind (TBD)
12.	Fitness of Body and Mind	Mohammad Moshior Rahman
13.	Contemporary Issues	Nominated Course Coordinator


মডিউল সমন্বয়কের দায়িত্বাবলি নিম্নরূপ হবে:

- মডিউলের অন্যান্য বক্তাদের সাথে আলোচনাক্রমে শুরুতেই সম্ভাব্য একটি আগাম শিডিউল তৈরি করে কোর্স ব্যবস্থাপনা টিমের নিকট হস্তান্তর করা।
- সময় ও গুরুত্ব বিবেচনাপূর্বক সংশ্লিষ্ট মডিউলের প্রত্যেক বিষয়ের উপর একটি Content-আউটলাইন তৈরি করে কোর্স ব্যবস্থাপনা টিমকে সরবরাহ করা।
- অতিথি বক্তা নির্বাচনে কোর্স ব্যবস্থাপনা টিমকে সহায়তা করা।
- অতিথি বক্তা বা কেন্দ্রের বক্তারা যখন সেশন পরিচালনা করবেন তখন সেশনে উপস্থিত থেকে বক্তার মান ও বিষয়বস্তুর সংশ্লিষ্টতা পর্যবেক্ষণ করা।


১/৫/১৯

- (v) মডিউল সমন্বয়করণ অধিবেশনকে আরো অংশগ্রহণমূলক, কার্যকর ও ফলপ্রসূ করার লক্ষ্যে প্রয়োজ্য ক্ষেত্রে Exercise, Case-Study, Group-Work-এর আয়োজন করা।
- (vi) সংশ্লিষ্ট মডিউলের সকল বিষয়ের উপর সেশন অনুষ্ঠিত হবার পর কোন বিষয়ের উপর কোন প্রশিক্ষণার্থীর কোন ধরনের অস্পষ্টতা থাকলে তা দূর করা।
- (vii) অতিথি বক্তাসহ সকল বক্তার নিকট থেকে প্রত্যেক বিষয়ের উপর কমপক্ষে দুই সেট প্রশ্ন সংগ্রহপূর্বক একটি প্রশ্ন ব্যাংক প্রস্তুত করা।
- (viii) উত্তরপত্র মূল্যায়নের জন্যে পর্যাপ্ত সময় যাতে পাওয়া যায় সেটি বিবেচনা করে কোর্স ব্যবস্থাপনা টিমের সাথে যোগাযোগ করে পরীক্ষার দিনক্ষণ ধার্য করা এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করা।
- (ix) প্রতিটি মডিউলের উত্তরপত্র মূল্যায়নের সময় উত্তরপত্রসমূহের মধ্য থেকে সর্বোৎকৃষ্ট উত্তরপত্র বাছাইপূর্বক A⁺ অথবা A গ্রেড প্রদান, A⁺ অথবা A গ্রেড প্রদানের পর পরবর্তী ০৩টি শ্রেষ্ঠ উত্তরপত্র বাছাইপূর্বক A⁻ গ্রেড প্রদান, A⁻ গ্রেড প্রদান করার পর পরবর্তী উত্তম উত্তরপত্রসমূহ বাছাইপূর্বক B⁺ গ্রেড প্রদান এবং অবশিষ্ট উত্তরপত্রের মধ্যে সর্বনিম্নমানের উত্তরপত্রসমূহকে B গ্রেড প্রদান করতে সচেষ্ট হবেন। এছাড়া পাঠ্যযোগ্য নম্বর না পেলে অকৃতকার্য Fail বলে গণ্য করবেন। উল্লেখ্য, উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে অবশ্যই গ্রেড ডিস্ট্রিবিউশন থাকতে হবে।
- (x) পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর চূড়ান্ত ফলাফল ঘোষণার পূর্বে আবশ্যিকভাবে ফলাফল ও উত্তরপত্র মূল্যায়ন অনুবিভাগে জমা দেয়া।
- (xi) নিজের পর্যবেক্ষণ ও প্রশিক্ষণার্থীদের মতামতের উপর ভিত্তি করে পরবর্তী কোর্সের জন্যে সুপারিশমালা সংযোজিত করে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন পিপিআর ও মূল্যায়ন অনুবিভাগে জমা দেয়া।
- (xii) Kahoot Software ব্যবহার করে সৃজনশীল বহুনির্বাচনী (MCQ) প্রশ্নপত্র প্রণয়নপূর্বক পরীক্ষার কমপক্ষে ০৩ (তিন) কর্মদিবস পূর্বে Moderation Committee এর নিকট দাখিল করা, যথাসময়ে পরীক্ষা Conduct করা এবং যথার্থভাবে উত্তরপত্র মূল্যায়ন করা। উল্লেখ্য যে, সকল মডিউলের কমপক্ষে ৫০% মূল্যায়ন Kahoot এর মাধ্যমে সম্পন্ন করা।

০২। যথাযোগ্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।


 (মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)
 পরিচালক (পিপিআর)
 ফোন: ৭৭৪৬৬০৭/৪১১৫
 ফ্যাক্স : ৭৭৪৫০২৯
 ই-মেইল: ppr.bpatc@gmail.com

২৬ বৈশাখ ১৪২৬


তারিখ: _____

০৭ মে ২০১৯

নং-০৫.০১.২৬৭২.১৪০.২৫.০৫৫.১৯- ৪২৭

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য -

১. কোর্স উপদেষ্টা, উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২. কোর্স পরিচালক, উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি), বিপিএটিসি, সাভার, ঢাকা।
৩. অনুযয় সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
৪. জনাব..... বিপিএটিসি, সাভার, ঢাকা।
৫. পি. এস. টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংশ্লিষ্ট নথি।


 (মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)
 পরিচালক (পিপিআর)